# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 22 April, 2025

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ফসলের ফলন নির্ণয়ের লক্ষে নমুনা শস্য কর্তন করা হয়েছে। সোমবার উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলার গোপিনাথপুর মাঠে এ নমুনা শস্য কর্তন করা হয়।

নমুনা শস্য কর্তন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা কৃষি অফিসার শরীফ মোহাম্মদ তিতুমীর, উপজেলা কৃষি অফিসার গোবিন্দ ঘোষ, উপজেলা কৃষকদলের সদস্য সচিব মোঃ আইয়ুব হোসেন, এসএপিপিও মনিশংকর বিশ্বাস, পরিসংখ্যান অফিসের তথ্য কর্মকর্তা মোঃ সুরুজ্জামান, উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ সোহেল রানাসহ অন্যান্যরা।

উপজেলা কৃষি অফিসার শরীফ মোহাম্মদ তিতুমীর জানান, উপজেলাতে গত বছরে বোরো ধানের লক্ষ মাত্রা ছিলো ৯ হাজার ৩ শত ৬৬ হেক্টর।তবে চলতি বছরে ৯ হাজার ৩ শত ৬০ হেক্টর জমিতে বোরো ধান চাষ হয়েছে। উপজেলাতে এবার কমেছে ধান চাষ। তিনি আরও জানান, কৃষকেরা চলতি বছরে তামাক এবং ভূট্টা চাষের দিকে বেশী আগ্রহ দেখিয়েছে।তামাক এবং ভূট্টা একটি লাভজনক ফসল হওয়ায় এ উপজেলার কৃষকেরা চলতি বছর বোরো ধান আবাদ কম করেছে।এজন্য চলতি বছর ধান চাষের লক্ষমাত্রা অর্জিত হয়নি।

তবে উপজেলা কৃষি অফিস থেকে কৃষকদেরকে চলতি বোরো মৌসুমে সার্বক্ষণিকভাবে ধান চাষিদের সঠিক পরামর্শ সহ সময় মতো সার্বিক সহোযোগিতা করার ফলে চলতি বছর বোরো ধানের ফলন বৃদ্ধি পেয়েছে।

ঝিনাইদহ বোরো ধান উপজেলা কৃষি অফিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:20

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758071239